

# ভিক্টোরিয়া কলেজের দুটি হলে শিবিরের হামলা : ৯ ছাত্রলীগ কর্মী আহত

## কুমিল্লা প্রতিনিধি

বৃহস্পতিবার রাতে শহরের লাকসাম রোডে কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজের রবীন্দ্রনাথ এবং সোহরাওয়ার্দী ছাত্রাবাসে ছাত্রশিবিরের সশস্ত্র ক্যাডারদের হামলায় ছাত্রাবাস শাখা ছাত্রলীগ সভাপতিসহ ৯ জন ছাত্রলীগ কর্মী আহত হয়েছে। গুরুতর আহত ২ জনকে কুমিল্লা জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে। শহরে ধর্মঘমে অবস্থা বিরাজ ভিক্টোরিয়া : পৃষ্ঠা : ২ কলাম : ৮



আহত ছাত্রলীগ নেতা জুবিল ইসলাম জুয়েল (বাঁয়ে) এবং ছাবিবুল্লাহ বাহার (ডানে) - দুগাঙ্গের

## ভিক্টোরিয়া : হামলা (শেষ পৃষ্ঠার পর)

করছে। পুলিশ ও প্রত্যক্ষদর্শী ছাত্ররা জানায়, বৃহস্পতিবার রাত ৯টার দিকে ভিক্টোরিয়া কলেজ শাখা ছাত্রশিবিরের সম্পাদক নূর আলম বাবু ও হোসাইনের নেতৃত্বে ১৪/১৫ জন ক্যাডার হকিস্টিক, রড, চাপাতি এবং আগ্রেশস্ত্র নিয়ে ছাত্রাবাসে ঢুকে তাদের সৃষ্টি করে। তারা ছাত্রদের এলোপাতাড়ি মারধর এবং ককটেলের বিস্ফোরণ ঘটায়। সশস্ত্র শিবির ক্যাডাররা এই ছাত্রাবাস শাখা ছাত্রলীগ সভাপতি জুবিল ইসলাম জুয়েলের ২৯ নম্বর কক্ষে ঢুকে চাপাতি ও রড দিয়ে তাকে মারাত্মক আহত করে। এরা জুয়েলের দু'পায়ের রগ কেটে দেয়। পরে ২০৭ নম্বর কক্ষে ঢুকে ছাবিবুল্লাহ বাহারকে একই কামোদ্য মারধর করে তার জন হাত ভেঙে দেয়। আহত বাহার ভিক্টোরিয়া কলেজ থেকে এ বছর উচ্চ মাধ্যমিক পরীক্ষা দেবে। জুয়েল এই কলেজেরই বিত্তীয় বর্ষের ছাত্র। এ হামলায় অন্য আহতরা হচ্ছে- শাহীন, নাসির, শিমুল, শাহেদ, ফরহাদ এবং বিত্তীয় বর্ষের জাসিম ও আশিক। ঘটনার পর রাতে সেখানে পুলিশ মোতায়েন করা হয়েছে। গুরুতর কোভোয়ালি থানায় বাবু, হোসাইন, নাজমুল, রাসলে, ইমরান, আনিস, টিটু, মীর হোসেন, ইয়াসিন, রুবলে, শহীদুল, দোলোয়ার, সাজু ও মোশাররফ নামে শিবিরের সশস্ত্র ক্যাডারদের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে।

এদিকে এ ঘটনার তীব্র নিশ্চা এবং এর সঙ্গে ছাত্রীদের ক্ষেত্রতার দাবি জানিয়েছেন জেলা ছাত্রলীগ সভাপতি আবদুল হাই বাবু, সাধারণ সম্পাদক চিত্তরঞ্জন জৌমিক ও ভিক্টোরিয়া কলেজ শাখা ছাত্রলীগের সভাপতি এনাচুল হক এনাম। আজ শনিবার সকালে এই ঘটনার প্রতিবাদে জেলা ও ভিক্টোরিয়া কলেজ শাখা ছাত্রলীগ কুমিল্লা শহরে সমাবেশ, বিক্ষোভ মিছিল এবং কলেজ প্রাঙ্গণে প্রতিবাদ সভার আয়োজন করেছে।